গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

বিষয়: শিশু অধিকার দিবস ২০২৬ ও বাংলাদেশ শিশু একাডেমির ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ইয়াসমীন পারভীন, এনডিসি
সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সভার স্থান : বাংলাদেশ শিশু একাডেমির সভাকক্ষ
সভার তারিখ : ১০/০৮/২০২৬ খ্রি.
সভার সময় : বেলা ১০:০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট -'ক'

শিশু অধিকার দিবস-২০২৬ ও বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভা জনাব ইয়াসমীন পারভীন এনডিসি, সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) শিশু অধিকার দিবস ২০২৬ ও বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) এর বিষয়বস্তু সভাকে অবহিত করেন। অতঃপর সভায় শিশু অধিকার দিবস ও বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) সুষ্ঠুভাবে পালনের লক্ষ্যে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং.	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	২০২৬ সালে অনুষ্ঠেয় শিশু অধিকার দিবস ও বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) উদযাপনের তারিখ নির্ধারণ	সভাকে অবহিত করা হয় যে মন্ত্রিপরিষদ বিভাগের ১১ মার্চ ২০২৬ তারিখের পরিপত্র অনুযায়ী অক্টোবর মাসের প্রথম সোমবার শিশু অধিকার দিবস পালনের নির্দেশনা রয়েছে। এবছর আগামী ০৫ অক্টোবর ২০২৬ অক্টোবর মাসের প্রথম সোমবার হওয়ায় এ তারিখে শিশু অধিকার দিবস পালন করার বিষয়ে আলোচনা হয় ।	এ বছরও শিশু অধিকার দিবস ও বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) এবং আগামী ০৫ অক্টোবর ২০২৬ প্রথম সোমবার উদযাপনের বিষয়ে সিদ্ধান্ত হয়। বর্ণিত বিষয়ে মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীকে অবহিত করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি, সকল জেলা প্রশাসক, সকল উপজেলা নির্বাহী অফিসার এবং বেসরকারি সংস্থাসমূহ
২.	শিশু অধিকার দিবস-২০২৬ অনুষ্ঠানের স্থান নির্ধারণ	শিশু অধিকার দিবস ২০২৬ এর অনুষ্ঠানের স্থান নির্ধারণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। গত বছর দিবসটি ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছিল। এ বছরও দিবসটি বাংলাদেশ শিশু একাডেমির মিলনায়তনে পালন করা যেতে পারে মর্মে অধিকাংশ সদস্য মতামত দেন এবং বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তন-কে অনুষ্ঠানের ভেন্যু হিসেবে নির্ধারণ করা হয়।	শিশু অধিকার দিবস ২০২৬ এর অনুষ্ঠান বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তনে অনুষ্ঠিত হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। স্থান নির্ধারণের বিষয়টি মাননীয় মন্ত্রী মহোদয়কে অবহিত করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৩.	শিশু অধিকার দিবস-২০২৬ অনুষ্ঠানের প্রধান অতিথি নির্ধারণ	শিশু অধিকার দিবস ২০২৬ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করার বিষয়ে আলোচনা হয়। মাননীয় প্রধানমন্ত্রীকে প্রধান অতিথি হিসেবে আসন অলংকৃত করার বিষয়ে সার সংক্ষেপ প্রেরণ করা হবে।	মাননীয় প্রধানমন্ত্রীকে প্রধান অতিথি হিসেবে আসন অলংকৃত করার বিষয়ে সার সংক্ষেপ প্রেরণ করা হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৪.	শিশু অধিকার দিবস ২০২৬ অনুষ্ঠানের সম্ভাব্য কর্মসূচি প্রণয়ন	শিশু অধিকার দিবস ২০২৬ এর অনুষ্ঠানের সম্ভাব্য কর্মসূচি প্রণয়নের আলোচনা হয়।	শিশু অধিকার দিবস ২০২৬ এর অনুষ্ঠানের সম্ভাব্য কর্মসূচি বাংলাদেশ শিশু একাডেমি হতে পাওয়া গিয়েছে তা মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনাক্রমে চূড়ান্ত করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিশু একাডেমি

অনুষ্ঠানসূচি
স্থান: বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তন
তারিখ: ০৫ অক্টোবর, ২০২৬

সকাল		
১০.০০	:	আমন্ত্রিত অতিথিদের আসন গ্রহণ
১১.০০	:	মাননীয় প্রধানমন্ত্রীর আগমন
১০.০১	:	পবিত্র ধর্মগ্রন্থসমূহ থেকে পাঠ
১০.০৫	:	স্বাগত বক্তব্য : সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১০.১০	:	শিশুদের ওপর নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শন
১০.১৫	:	বিশেষ অতিথির বক্তব্য : চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি
১০.২০	:	সভাপতির বক্তব্য : অধ্যাপক ডাঃ এ জেড এম জাহিদ হোসেন মাননীয় মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়
১০.২৫	:	শিশুদের নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সংলাপ
১০.২৭	:	মাননীয় প্রধানমন্ত্রীকে স্মারক উপহার প্রদান
১০.৩০	:	প্রধান অতিথির ভাষণ : মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
	:	শিশুদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান
	:	ফটোসেশন
	:	সমাপ্তি

৫.	শিশু অধিকার সপ্তাহ পালন	সরকারী/বেসরকারী সংগঠন এবং শিশু সংগঠন সমূহের সমন্বয়ে শিশু অধিকার সপ্তাহ উদযাপনের বিষয়ে আলোচনা হয়।	সরকারি/বেসরকারি সংগঠন এবং শিশু সংগঠন সমূহের সমন্বয়ে সভা অনুষ্ঠানের মাধ্যমে শিশু অধিকার সপ্তাহের দিবস ভিত্তিক অনুষ্ঠান সূচী প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি

৬.	শিশু অধিকার দিবস এবং বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী ও অনুষ্ঠানের ভাষণ প্রস্তুতকরণ	বাংলাদেশ শিশু একাডেমি মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের জন্য বাণী ও অনুষ্ঠানের ভাষণ (বাংলা ও ইংরেজী) প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ শিশু একাডেমি-কে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের জন্য বাণী ও অনুষ্ঠানের ভাষণ (বাংলা ও ইংরেজী) প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিশু একাডেমি
৭.	বিশেষ অতিথিকে আমন্ত্রণ জানানো	পূর্বে ইউনিসেফের কান্ট্রি ডিরেক্টরকে বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো হত। এরই ধারাবাহিকতায় এবছরেও তাকে আমন্ত্রণ জানানো হবে কিনা সে বিষয়ে আলোচনা হয়।	ইউনিসেফের কান্ট্রি ডিরেক্টরকে বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো হবে কিনা সে বিষয়ে মাননীয় মন্ত্রীর সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৮.	অনুষ্ঠানের পান্ডুলিপি	বাংলাদেশ শিশু একাডেমি খসড়া পান্ডুলিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	বাংলাদেশ শিশু একাডেমি খসড়া পান্ডুলিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করবে।	বাংলাদেশ শিশু একাডেমি
৯.	অনুষ্ঠানে শিশু বক্তা নির্ধারণ ও তাদের বক্তব্য প্রস্তুতকরণ	বাংলাদেশ শিশু একাডেমি বিকল্পসহ ৪ জন শিশু বক্তা নির্ধারণ ও তাদের বক্তব্য প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	বাংলাদেশ শিশু একাডেমি বিকল্পসহ ৪ জন শিশু বক্তা নির্ধারণ ও তাদের বক্তব্য প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	বাংলাদেশ শিশু একাডেমি
১০.	অনুষ্ঠান উপস্থাপনাকারী শিশুদের নামের তালিকা	বাংলাদেশ শিশু একাডেমি বিকল্পসহ ৪ জন উপস্থাপনাকারীদের নামের তালিকা প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।	বাংলাদেশ শিশু একাডেমি বিকল্পসহ ৪ জন শিশু উপস্থাপনাকারীদের নামের তালিকা অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ শিশু একাডেমি
১১.	পবিত্র ধর্মগ্রন্থসমূহ থেকে পাঠ	ধর্মগ্রন্থ পাঠকারী বিকল্পসহ ৪ জন শিশুর নামের তালিকা এবং বাংলা অনুবাদসহ ধর্মগ্রন্থের মুলপাঠ্য মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।	বাংলাদেশ শিশু একাডেমি ধর্মগ্রন্থ পাঠকারী বিকল্পসহ ৪ জন শিশুর নামের তালিকা এবং বাংলা অনুবাদসহ ধর্মগ্রন্থের মুলপাঠ্য অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	বাংলাদেশ শিশু একাডেমী
১২.	অনুষ্ঠান রেডিও/টিভিতে সরাসরি সম্প্রচার	অনুষ্ঠান রেডিও/টিভিতে সরাসরি সম্প্রচারের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	অনুষ্ঠান রেডিও/টিভিতে সরাসরি সম্প্রচারের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১৩.	সাংস্কৃতিক অনুষ্ঠান সংক্রান্ত	সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে বাংলাদেশ শিশু একাডেমি কার্যক্রম গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।	বিশ্ব শিশু দিবসের একটি থিমসং সহ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনের সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলাদেশ শিশু একাডেমি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাংলাদেশ শিশু একাডেমি

১৪.	শিশু অধিকার দিবস-২০২৬ এর আমন্ত্রণপত্র ছাপানো, বিতরণ, অতিথি তালিকা হালনাগাদকরণ	সংশ্লিষ্ট উপ-কমিটি অতিথি তালিকা প্রস্তুত করে অনুমোদন গ্রহণের বিষয়ে আলোচনা হয়।	সংশ্লিষ্ট উপ-কমিটি অতিথি তালিকা প্রস্তুত করে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	বাংলাদেশ শিশু একাডেমি ও সংশ্লিষ্ট উপকমিটি
১৫.	শিশু অধিকার দিবস-২০২৬ অনুষ্ঠানের গেইট, ব্যানার ও ফেষ্টুন তৈরি	অনুষ্ঠানের গেইট, ব্যানার, ফেষ্টুনের ডিজাইন তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়।	অনুষ্ঠানের গেইট, ব্যানার, ফেষ্টুনের ডিজাইন মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি ও সংশ্লিষ্ট উপ-কমিটি
১৬.	গণমাধ্যমে শিশু শিশু অধিকার দিবস ও বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) এর ব্যাপক প্রচারণা	শিশু অধিকার দিবস বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) ব্যাপক প্রচারণার জন্য বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনে বিশেষ অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়াও বাংলাদেশ বেতার, বিটিভি/বিটিভি ওয়ার্ল্ডসহ বেসরকারি চ্যানেলের স্ক্রলে সপ্তাহব্যাপী প্রচারণার বিষয়ে আলোচনা হয়।	শিশু অধিকার দিবস ও বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) ব্যাপক প্রচারণার জন্য বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন বিশেষ অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং বাংলাদেশ বেতার, বিটিভি/বিটিভি ওয়ার্ল্ডসহ বেসরকারি চ্যানেলে স্ক্রলে সপ্তাহব্যাপী প্রচারণার জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি বিটিভি/বিটিভি ওয়ার্ল্ড, বাংলাদেশ বেতার ও বেসরকারি চ্যানেলসমূহ
১৭.	ক্রোড়পত্র ও স্যুভেনির প্রকাশ	সভায় আলোচনা হয় যে, ইংরেজি ও বাংলা জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্মরণিকা ও ক্রোড়পত্রের জন্য গঠিত উপ-কমিটি লেখা সংগ্রহপূর্বক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়।	ইংরেজি ও বাংলা জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্মরণিকা ও ক্রোড়পত্রের জন্য গঠিত উপ-কমিটি লেখা সংগ্রহপূর্বক পত্রিকার সংখ্যা নির্ধারণ করতে হবে।	বাংলাদেশ শিশু একাডেমি ও সংশ্লিষ্ট উপকমিটি
১৮.	অনুষ্ঠানের মঞ্চ সজ্জা, আলোকসজ্জা ও সাউন্ড সিষ্টেম ইত্যাদি	বাংলাদেশ শিশু একাডেমি ও সংশ্লিষ্ট কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়।	অনুষ্ঠানের মঞ্চ সজ্জা, আলোকসজ্জা ও সাউন্ড সিষ্টেম ইত্যাদি কার্যক্রম বাংলাদেশ শিশু একাডেমি ও সংশ্লিষ্ট উপকমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাংলাদেশ শিশু একাডেমি ও সংশ্লিষ্ট উপকমিটি
১৯.	অনুষ্ঠানে শিশু, অভিভাবক এবং অতিথিদের সংখ্যা নির্ধারণ	বাংলাদেশ শিশু একাডেমি অনুষ্ঠানে আগত শিশু, অভিভাবক এবং অতিথিদের সংখ্যা নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ শিশু একাডেমি অনুষ্ঠানে আগত শিশু, অভিভাবক এবং অতিথিদের সংখ্যা নির্ধারণ করে আগামী ২৫/০৮/২০২৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাংলাদেশ শিশু একাডেমি

২০.	শিশু অধিকার দিবস ২০২৬ জেলা/উপজেলা পর্যায়ে পালন	বাংলাদেশ শিশু একাডেমি জেলা উপজেলায় পত্র প্রেরণের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	বাংলাদেশ শিশু একাডেমি জেলা উপজেলায় পত্র প্রেরণের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। এছাড়া এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ শিশু একাডেমি
২১.	ভেন্যুর সার্বিক নিরাপত্তা	শিশু অধিকার দিবস এবং বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের দিন অনুষ্ঠান চলাকালীন আইন শৃংখলা রক্ষার জন্য জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	শিশু অধিকার দিবস এবং বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের দিন অনুষ্ঠান চলাকালীন আইন শৃংখলা রক্ষার জন্য জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২২.	অনুষ্ঠানস্থল পরিস্কার/পরিচ্ছন্নতা	অনুষ্ঠান স্থল পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশনে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	অনুষ্ঠান স্থল পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য ঢাকা উত্তর/ দক্ষিণ সিটি কর্পোরেশনে পত্র প্রেরণ করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২৩.	নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ	নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত ও স্ট্যান্ডবাই জেনারেটর সংযোগের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত ও স্ট্যান্ডবাই জেনারেটর সংযোগের জন্য বিদ্যুৎ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২৪.	অগ্নিনির্বাপণ ব্যবস্থা	অনুষ্ঠানে অগ্নিনির্বাপণ ব্যবস্থা গ্রহণের জন্য জননিরাপত্তা বিভাগ ও ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	অনুষ্ঠানে অগ্নিনির্বাপণ ব্যবস্থা গ্রহণের জন্য জননিরাপত্তা বিভাগ ও বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগে পত্র প্রেরণ করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২৫.	সাজসজ্জার অনুমতি	সচিবালয়ের গেট ও সচিবালয়ের অভ্যন্তরে তোরণ নির্মাণ এবং প্রধান প্রধান সড়ক, সড়ক দ্বীপ ও ফুটপাত সাজসজ্জার নিমিত্ত জননিরাপত্তা বিভাগ এবং ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশনে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	সচিবালয়ের গেট ও সচিবালয়ের অভ্যন্তরে তোরণ নির্মাণ এবং প্রধান প্রধান সড়ক, সড়ক দ্বীপ ও ফুটপাত সাজসজ্জার নিমিত্ত জননিরাপত্তা বিভাগ এবং ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশনে পত্র প্রেরণ করতে হবে।	সাজসজ্জার অনুমতি
২৬.	বাজেট প্রণয়ন	বিগত বছরগুলোতে ৬৪টি জেলা ও ০৬টি উপজেলাতে শিশু দিবস পালিত হয়েছে। সভায় মন্ত্রণালয়ের সচিব এ বছর প্রতিটি উপজেলায় পালন করার বিষয়ে আলোচনা করেন এবং তাদের প্রাক্কলন প্রস্তুত করে খরচের প্রয়োজনীয় সকল ডকুমেন্টস মন্ত্রণালয়ে পাঠানোর বিষয়েও আলোচনা করেন।	বিগত বছরগুলোতে ৬৪টি জেলা ও ০৬টি উপজেলাতে শিশু দিবস পালিত হয়েছে। সভায় মন্ত্রণালয়ের সচিব এ বছর প্রতিটি উপজেলায় পালন করার এবং তাদের প্রাক্কলন প্রস্তুত করে খরচের প্রয়োজনীয় সকল ডকুমেন্টস মন্ত্রণালয়ে পাঠানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	

২৭.	অনুষ্ঠান সম্পর্কিত বিভিন্ন কমিটি/উপকমিটি গঠন	শিশু অধিকার দিবস এবং বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) সুষ্ঠুভাবে উদ্‌যাপনের জন্য কমিটি/ উপ-কমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা হয়।	শিশু অধিকার দিবস এবং বাংলাদেশ শিশু একাডেমি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি (সুবর্ণ জয়ন্তী) সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে শিশু অধিকার দিবস ২০২৬ উদযাপন সংক্রান্ত কেন্দ্রীয় কমিটিসহ বিভিন্ন উপ-কমিটি গঠন করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

০১। শিশু অধিকার দিবস ২০২৬ উদ্‌যাপন সংক্রান্ত কেন্দ্রীয় কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

ক্র. নং	নাম ও পদবী	কর্মস্থল	
১.	অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন, এমপি মাননীয় মন্ত্রী	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	উপদেষ্টা
২.	জনাব ইয়াসমীন পারভীন এনডিসি সিনিয়র সচিব	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	আহবায়ক
৩.	অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৪.	মহাপরিচালক	ডিএনএ ল্যাবরেটরি ব্যবস্থাপনা অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা	সদস্য
৫.	অতিরিক্ত সচিব (প্রশাসন)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৬.	ব্যবস্থাপনা পরিচালক	জয়িতা ফাউন্ডেশন	সদস্য
৭.	মহাপরিচালক	মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য
৮.	যুগ্মসচিব (শিশু ও সমন্বয়)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৯.	যুগ্মসচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
১০.	নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)	জাতীয় মহিলা সংস্থা, ঢাকা	সদস্য
১১.	যুগ্মসচিব (বাজেট ও অডিট)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
১২.	মহাপরিচালক	বাংলাদেশ শিশু একাডেমি	যুগ্ম সদস্য সচিব
১৩.	উপসচিব (মবিঅ-২)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
১৪.	উপসচিব (প্রশাসন-২)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
১৫.	সিনিয়র সহকারী সচিব (শিশু সুরক্ষা)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
১৬.	উপপরিচালক	বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা	সদস্য
১৭.	যুগ্মসচিব (প্রশাসন)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি:

- কমিটি দিবসটি যথাযথভাবে উদযাপনের নিমিত্ত সকল উপ-কমিটির যাবতীয় কার্যাবলি তদারকি ও সমন্বয় করবে;
- প্রয়োজনে কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। অভ্যর্থনা ও আসন বিন্যাস উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

ক্র .নং	নাম ও পদবী	কর্মস্থল	
১.	অতিরিক্ত সচিব (উন্নয়ন পরিকল্পনা ও পরিসংখ্যান)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	আহবায়ক
২.	উপসচিব (বাজেট)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৩.	অতিরিক্ত পরিচালক	মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য
৪.	উপসচিব (প্রশাসন-১)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৫.	উপপরিচালক	বাংলাদেশ শিশু একাডেমি	সদস্য-সচিব

উপ-কমিটির কার্যপরিধি:

- মঞ্চ ও মিলনায়তনের আসন বিন্যাস ও সংরক্ষণ;
- কমিটি অনুষ্ঠান স্থলে আগত সম্মানিত অতিথিদের অভ্যর্থনা, আনুষাংগিক কার্যক্রম গ্রহণ করবে;
- অনুষ্ঠানস্থলের মঞ্চ ও ২টি একই ধরণের ব্যানার প্রস্তুত করা;
- প্রয়োজনে এ কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৩। অর্থ ও ক্রয় উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

ক্র.নং	নামওপদবী	কর্মস্থল	
১.	যুগ্মসচিব (বাজেট)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	আহবায়ক
২.	উপসচিব (বাজেট)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৩.	সিনিয়র সহকারী সচিব (আইন)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৪.	জনাব মো: নুরুজ্জামান প্রোগ্রাম অফিসার	বাংলাদেশ শিশু একাডেমি	সদস্য
৫.	সিনিয়র সহকারী সচিব (শিশু সুরক্ষা)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য-সচিব

উপ-কমিটির কার্যপরিধি:

- অনুষ্ঠানের জন্য একটি সমন্বিত প্রাক্কলিত বাজেট (Esticted Budget) তৈরি ও অনুমোদন গ্রহণ;
- প্রয়োজনীয় ক্রয়ের ক্ষেত্রে সরকারি ক্রয় বিধিমালা (PPR) কঠোরভাবে অনুসরণ নিশ্চিত করা;
- কার্যক্রম সমাপ্তির পর দ্রুততম সময়ে বিল-ভাউচার অডিট ও নিষ্পত্তি করা।

০৪। সম্মাননা/ক্রেস্ট প্রদান সংক্রান্ত উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

ক্র.নং	নামওপদবী	কর্মস্থল	
১.	যুগ্মসচিব (শিশু ও সমন্বয়)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	আহবায়ক
২.	উপসচিব (প্রশাসন-২)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৩.	জনাব ফারজানা আক্তার মিউজিয়াম কিপার	বাংলাদেশ শিশু একাডেমি	সদস্য
৪.	জনাব মো: কামরুজ্জামান প্রোগ্রাম অফিসার	বাংলাদেশ শিশু একাডেমি	সদস্য
৫.	সিনিয়র সহকারী সচিব (শিশু সুরক্ষা)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য-সচিব

উপ-কমিটির কার্যপরিধি:

- পিপিআর ২০০৮ ও আর্থিক বিধি-বিধান অনুসরণ করা;
- সম্মাননা/ ক্রেস্ট প্রস্তুত ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- সম্মাননা প্রাপ্ত শিশুদের তালিকা প্রণয়ন ও প্রস্তুত ;
- কমিটি প্রয়োজনে আরো সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৫। দাওয়াত কার্ড প্রস্তুত ও বিতরণ সংক্রান্ত উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

ক্র.নং	নাম ও পদবী	কর্মস্থল	
১.	মহাপরিচালক	বাংলাদেশ শিশু একাডেমি	আহবায়ক
২.	উপসচিব (প্রশাসন-২)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৩.	সিনিয়র সহকারী সচিব (সমন্বয়)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৪.	জনাব এ.এস. এম নাজমুল হক জেলা শিশু বিষয়ক কর্মকর্তা	বাংলাদেশ শিশু একাডেমি	সদস্য
৫.	উপপরিচালক	বাংলাদেশ শিশু একাডেমি	সদস্য-সচিব

উপ-কমিটির কার্যপরিধি:

- পিপিআর ২০০৮ ও আর্থিক বিধি-বিধান অনুসরণ করা;
- অতিথি তালিকা প্রস্তুত ও অনুমোদন গ্রহণ;
- ভিআইপিসহ গুরুত্বপূর্ণ অতিথিদের অনুষ্ঠানে উপস্থিতির বিষয় নিশ্চিতকরণ ও তাঁদের আসন সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- বাংলাদেশ শিশু একাডেমি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনপূর্বক অনুষ্ঠানের ২০দিন পূর্বে কার্ড ছাপানোর কাজ সম্পন্ন করবে;
- কমিটি দিবসের আমন্ত্রণ পত্র তৈরি, বিতরণ ও আনুষংগিক কার্যক্রম গ্রহণ করবে;

- এস এম এস এর বার্তা প্রস্তুত ও প্রেরণ।
- কমিটি প্রয়োজনে আরো সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৬। প্রচার ও প্রকাশনা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

ক্র.নং	নাম ও পদবী	কর্মস্থল	
১.	যুগ্মসচিব (কার্যক্রম)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	আহবায়ক
২.	সিনিয়র সহকারী সচিব (মবিঅ-১)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৩.	সিনিয়র সহকারী সচিব (আইন)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৪.	জনসংযোগ কর্মকর্তা	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৫.	উপপরিচালক	বাংলাদেশ শিশু একাডেমি	সদস্য-সচিব

উপ-কমিটির কার্যপরিধি:

- পিপিআর ২০০৮ ও আর্থিক বিধি-বিধান অনুসরণ করা;
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে আলোচ্য দিবস ও সপ্তাহ উপলক্ষে প্রধান অতিথি ও বিশেষ অতিথির ভাষণ ও বানী (বাংলা ও ইংরেজী) প্রস্তুতসহ ক্রোড়পত্র, পোষ্টার ও স্যুভেনির প্রকাশের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- ছোট ছোট ফেষ্টুন, তোরণ, ব্যানার, প্ল্যাকার্ড এবং বিলবোর্ড তৈরি করে উদ্বোধনী অনুষ্ঠানে ভেন্যু,গুরুত্বপূর্ণ বিভিন্ন মোড় ও স্থানে সড়ক দ্বীপসমূহ সজ্জিতকরণের কার্যক্রম বাস্তবায়ন ও তদারকি করবে;
- সচিবালয়ের অভ্যন্তরে ২টি বিল বোর্ড স্থাপনপূর্বক মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সুসজ্জিত করবে;
- তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে টক-শো আয়োজনের ব্যবস্থা গ্রহণ এবং বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- কমিটি প্রয়োজন বোধে আরো সদস্য কো-অপ্ট করবে।

০৭। মঞ্চ, সাজসজ্জা ও সাংস্কৃতিক উপ-কমিটি:

ক্র .নং	নাম ও পদবী	কর্মস্থল	
১.	মহাপরিচালক	বাংলাদেশ শিশু একাডেমি	আহবায়ক
২.	উপসচিব (উন্নয়ন-১)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৩.	উপসচিব (নাশিনিপ্র মনিটরিং শাখা)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৪.	জনাব রেজিনা আক্তার লাইব্রেরীয়ান	বাংলাদেশ শিশু একাডেমি	সদস্য
৫.	সিনিয়র সহকারী সচিব (সমন্বয়)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য সচিব

উপ কমিটির কার্যপরিধি:

- পিপিআর ২০০৮ ও আর্থিক বিধি-বিধান অনুসরণ করা;
- মঞ্চ ও মিলনায়তনের সাজসজ্জা নির্ধারণ;
- অনুষ্ঠান ঘোষনার পান্ডুলিপি প্রস্তুত,ঘোষক, ঘোষিকা ও শিশু বক্তা নির্বাচন (প্রযোজ্য ক্ষেত্রে);
- উদ্বোধনী অনুষ্ঠানের থীম সং কম্পোজ, পরিবেশন এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- শিশু বক্তা ও ধর্মগ্রন্থসমূহ পাঠকারীদের নামের তালিকা ও ঠিকানা সংগ্রহ;
- কমিটি প্রয়োজন বোধে আরো সদস্য কো-অপ্ট করবে।

০৮। প্রামাণ্যচিত্র প্রস্তুত সংক্রান্ত উপ-কমিটি:

ক্র .নং	নাম ও পদবী	কর্মস্থল	
১.	যুগ্মসচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	আহবায়ক
২.	মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৩.	সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৪.	জনসংযোগ কর্মকর্তা	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৫.	উপপরিচালক	বাংলাদেশ শিশু একাডেমি	সদস্য-সচিব

উপ-কমিটির কার্যপরিধি:

- পিপিআর ২০০৮ ও আর্থিক বিধি-বিধান অনুসরণ করা;
- কমিটি প্রামাণ্যচিত্র প্রস্তুত সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ করবে;
- কমিটি প্রয়োজন বোধে আরো সদস্য কো-অপ্ট করবে।

০৯। শিশু অধিকার সপ্তাহ উদযাপন সংক্রান্ত উপ-কমিটি:

ক্র .নং	নাম ও পদবী	কর্মস্থল	
১.	মহাপরিচালক	বাংলাদেশ শিশু একাডেমি	আহবায়ক
২.	উপসচিব (প্রশাসন-২)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৩.	সিনিয়র সহকারী সচিব (শিশু সুরক্ষা)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৪.	সিনিয়র সহকারী সচিব (আইন)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৫.	জনাব মো: নুরুজ্জামান প্রোগ্রাম অফিসার	বাংলাদেশ শিশু একাডেমি	সদস্য
৬.	উপপরিচালক	বাংলাদেশ শিশু একাডেমি	সদস্য সচিব

উপ-কমিটির কার্যপরিধি:

- উপ-কমিটি দিবসটি যথাযথভাবে উদযাপনের নিমিত্ত বেসরকারী প্রতিষ্ঠান ও এনজিও সংস্থার সাথে যোগাযোগ ও সমন্বয় করবে;
- শিশু অধিকার সপ্তাহ উদযাপনের যাবতীয় কার্যক্রম প্রণয়ন, মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ এবং বাস্তবায়ন করবে;
- প্রয়োজনে কমিটি আরো সদস্য কো-অপ্ট করতে পারবে।

স্বাক্ষরিত/-
(১৮/০৮/২০২৬)
ইয়াসমীন পারভীন এনডিসি
সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

স্মারক নং-৩২.০০.০০০০.০০০.০২১.২৩.০০১০.২৬.১২৭

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩৩ / ১৯ আগস্ট ২০২৬

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যাবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ধানমন্ডি, ঢাকা।
৭. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর,৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৮. নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
৯. যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা।
১১. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১২. প্রধান নির্বাহী কর্মকর্তা, দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।

১৩. উপসচিব (বাজেট/উন্নয়ন-১/মবিঅ-২/নাশিনিপ্র মনিটরিং শাখা/প্রশাসন-২/প্রশাসন-১), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১/শিশু সুরক্ষা/মবিঅ-১/আইন/সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. উপপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা।
১৮. জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. জনাব ফারজানা আক্তার, মিউজিয়াম কিপার, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা।
২০. জনাব এ. এস. এম নাজমুল হক, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২১. জনাব রেজিনা আক্তার, লাইব্রেরীয়ান, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২২. জনাব নরুরুজ্জামান, প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২৩. জনাব মো: কামরুজ্জামান, প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

১৯.০৮.২০২১

(মো: আবুল কালাম আজাদ)
সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-৩ শাখা)
ফোন: ৫৫১০০৪৫৯